

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ১৬ পৌষ ১৪২০/৩০ ডিসেম্বর ২০১৩

নং ২২/মূসক/২০১৩—যেহেতু বাংলাদেশ হকি ফেডারেশন (বাহফে) একটি জাতীয় ও অলাভজনক প্রতিষ্ঠান এবং আলোচ্য প্রতিষ্ঠানটি বাংলাদেশে হকি খেলার উন্নয়নে নিয়োজিত; এবং

যেহেতু বাংলাদেশ হকি ফেডারেশন (বাহফে) একাধিক বাণিজ্যিক প্রতিষ্ঠানের সহিত স্পসরশীপ চুক্তির আওতায় প্রাপ্ত অর্থ লীগ/ট্রিগ্রামেন্ট এ অংশগ্রহণকারী ক্লাব/হকি দলের অনুকূলে অনুদান হিসাবে প্রদানসহ ত্রৈমূল পর্যায়ে বাংলাদেশে হকির দীর্ঘমেয়াদি উন্নয়নে ব্যয় করা হইবে;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ হকি ফেডারেশন (বাহফে) কে স্পসরশীপ/দান/অনুদান হিসাবে প্রদত্ত সমুদয় অর্থের উপর (যে অংশ বিজ্ঞাপন প্রচার কাজে ব্যয় করা হইবে তাহাসহ) প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্ত ৪: বাংলাদেশ হকি ফেডারেশন (বাহফে) কর্তৃপক্ষ যে সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানের সহিত স্পসরশীপ চুক্তি স্বাক্ষর করিবে, সেই সকল প্রতিষ্ঠানের নাম, অনুদানকৃত অর্থের পরিমাণ ও অর্থ ব্যয় সংক্রান্ত খাত উল্লেখপূর্বক বাংলাদেশ হকি ফেডারেশন (বাহফে) এর পক্ষ হইতে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে দাখিল করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশত্ত্বমে

মোঃ শওকাত হোসেন  
প্রথম সচিব (মূসক অব্যাহতি)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্দণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১১৮৫ )

মূল্য : টাকা ৪.০০